রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, মে ৭, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা: ১২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ/ ২৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২৪.৭৫—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার '**বিচারার্থে ও দণ্ডদানার্থে বিদেশে অবস্থানরত আসামীদের (বাংলাদেশের নাগরিক) বাংলাদেশে আনয়নের বিষয়ে পর্যালোচনা ও এ সম্পর্কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্ত টাস্কফোর্স**' নিম্নরূপে গঠন করেছে:

(ক) **টাস্কফোর্সের গঠন** :

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | : | সভাপতি |
| (২) | মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) | অ্যাটর্নি জেনারেল বাংলাদেশ | : | সদস্য |
| (৫) | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| (৬) | সচিব, জননিরাপত্তা বিভাগ | : | সদস্য |
| (৭) | সচিব, সুরক্ষা সেবা বিভাগ | : | সদস্য |
| (৮) | সচিব, আইন ও বিচার বিভাগ | : | সদস্য |
| (৯) | পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ | : | সদস্য |



মূল্য : টাকা ৪.০০

| | | | |
|---|---|---|---|
| (১০) | মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই) | : | সদস্য |
| (১১) | মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই) | : | সদস্য |

এ টাস্কফোর্সে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **টাস্কফোর্সের কার্যপরিধি:**

(১) বিদেশে অবস্থানরত আসামীদের (বাংলাদেশের নাগরিক)-কে বিচারার্থে ও দণ্ডদানার্থে বাংলাদেশে আনয়নের উদ্দেশ্যে তাদের নামের তালিকা প্রণয়ন;

(২) যথাযথ সূত্র ব্যবহার করে বিদেশে আসামীদের অবস্থান চিহ্নিতকরণ;

(৩) সংশ্লিষ্ট দেশ হতে আসামীদেরকে দেশে ফিরিয়ে আনার উপায় নির্ধারণ এবং ফেরত আনার কার্যক্রম তদারকি;

(৪) কোনো আসামী ইতোমধ্যে বিদেশে নাগরিকত্ব গ্রহণ করে থাকলে সে ক্ষেত্রে তাকে ফিরিয়ে আনার উপায় নির্ধারণ ও এ সংক্রান্ত কার্যক্রম তদারকি; এবং

(৫) এতদ্‌সংক্রান্ত অন্য সকল কার্যক্রম।

(গ) উক্ত টাস্কফোর্সের কার্যক্রম পূর্বের ধারাবাহিকতায় পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

(ঘ) টাস্কফোর্স প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঙ) টাস্কফোর্সের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(চ) জননিরাপত্তা বিভাগ এ টাস্কফোর্স-কে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(ছ) এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ১৫ অক্টোবর ২০১৯ তারিখের ০৪.০০.০০০০.৬১১. ০৬. ০০৪.১৯.২৮৮ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

(২) এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(বেবী পারভীন)
যুগ্মসচিব
ফোন: ০২২২৩৩৯০৯৬৩
Email: js_economic@cabinet.gov.bd

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd